গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
কাহালু, বগুড়া
kahaloo.bogra.gov.bd

স্মারক নং-০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০২.২৬.৮৫১ তারিখ ঃ ০৮ শ্রাবণ ১৪৩৩ / ২৩ জুলাই ২০২৬

## সরকারি জলমহাল খাস আদায়ের দরপত্র আহবান বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বগুড়া জেলার কাহালু উপজেলার বিভিন্ন ইউনিয়নের সরকারি জলমহাল ২০ (বিশ) একর পর্যন্ত শর্তসাপেক্ষে বাংলা ১৪৩৩ সনের (০১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ০১ বছর মেয়াদে খাস আদায়ের লক্ষে পৃথক পৃথক সিলমোহরকৃত খামে আগ্রহী ব্যক্তিবর্গের নিকট হতে মূল্য উল্লেখপূর্বক দরপত্র আহবান করা যাচ্ছে। দরপত্রসমূহ নিম্নবর্ণিত ক্যালেন্ডার অনুযায়ী উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়া ও সহকারী কমিশনার (ভূমি), কাহালু, বগুড়া এর কার্যালয়ে রক্ষিত দরপত্র বাক্সে গ্রহণ করা হবে। প্রাপ্ত দরপত্রসমূহ দরপ্রস্তাবকারীগণের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে। প্রয়োজনীয় শর্তাবলীসহ দর প্রস্তাব ফরম অফিস চলাকালীন উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কাহালু, বগুড়া ও সহকারী কমিশনার (ভূমি), বগুড়া, বগুড়া এর কার্যালয় হতে সংগ্রহ করা যাবে। অন্যান্য শর্তাবলী/তথ্যাদি ও জলমহালসমূহের তালিকা নিম্নস্বাক্ষরকারীর কার্যালয় হতে জানা যাবে।

### ক্যালেন্ডার

| পর্যায় | দরপত্র সংগ্রহের শেষ তারিখ | দরপত্র দাখিলের শেষ তারিখ | দরপত্র দাখিলের সময় | দরপত্র প্রাথমিক বাছাইয়ের সময় |
|---|---|---|---|---|
| প্রথম | ১০ আগস্ট ২০২৬ খ্রি. | ১১ আগস্ট ২০২৬ খ্রি. | সঃ ১০.০০টা হতে ০১.০০টা | বিকাল ০৩.০০টা |
| দ্বিতীয় | ১৭ আগস্ট ২০২৬ খ্রি. | ১৮ আগস্ট ২০২৬ খ্রি. | সঃ ১০.০০টা হতে ০১.০০টা | বিকাল ০৩.০০টা |
| তৃতীয় | ৩০ আগস্ট ২০২৬ খ্রি. | ৩১ আগস্ট ২০২৬ খ্রি. | সঃ ১০.০০টা হতে ০১.০০টা | বিকাল ০৩.০০টা |
| চতুর্থ | ১৪ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. | ১৫ সেপ্টেম্বর ২০২৬ খ্রি. | সঃ ১০.০০টা হতে ০১.০০টা | বিকাল ০৩.০০টা |

শর্তাবলীঃ

০১। সকল সরকারি খাসবদ্ধ জলমহাল ২০ (বিশ) একর পর্যন্ত ০১ (এক) বছর মেয়াদে ০১ বৈশাখ হতে ৩০ চৈত্র ১৪৩৩ সনের জন্য (ইজারা না হওয়া পর্যন্ত) অস্থায়ীভাবে খাস আদায়ের জন্য বন্দোবস্ত দেয়া হবে ;

০২। দরপ্রস্তাবকারীকে উপজেলা নির্বাহী অফিসার, কাহালু, বগুড়া এর অনুকূলে উদ্বৃতমূল্যের ১০০% অর্থ এবং মোট উদ্বৃতমূল্যের ১৫% ভ্যাট এবং ১০% আয়কর দরপত্রের সাথে বিডি/পে-অর্ডার এর মাধ্যমে জমা করতে হবে ;

০৩। সর্বোচ্চ ডাককারীকে সমুদয় অর্থ শর্তাবলীর ২ নম্বরে উল্লিখিত শর্তাবলী মোতাবেক জমা করতে হবে ;

০৪। দর প্রস্তাবকারীকে খামের উপর ইউনিয়ন, মৌজাসহ তফসিল উল্লেখ করতে হবে ;

০৫। জেলা প্রশাসক, বগুড়া মহোদয় কর্তৃক অনুমোদিত সরকারি মূল্যের চেয়ে কম মূল্যে কোন জলমহাল খাস আদায়ের জন্য বন্দোবস্ত দেয়া হবে না ;

০৬। দরপত্র অনুমোদন হওয়ার পর অনুমোদিত জলমহালের ইজারা গ্রহীতাগণের অনুকূলে পৃথকভাবে পত্র জারি করা হবে না। অনুমোদিত জলমহালের তালিকা এ কার্যালয়ের নোটিশ বোর্ডে ঝুলানো হবে ;

০৭। ইজারা গ্রহীতা জলমহালের আয়তন হ্রাস-বৃদ্ধি করতে পারবেন না। কেউ যাতে অনুপ্রবেশ বা বেদখল করতে না পারে তা ইজারা গ্রহীতা নিশ্চিত করবেন ;

০৮। ইজারা গ্রহীতা জলমহালের সীমারেখা বজায় রাখবেন। জলমহালের পাড়ে কোন বৃক্ষ থাকলে তা কর্তন করতে পারবেন না। তিনি নিজ দায়িত্বে ইজারাকৃত জলমহালের সরকারি সম্পত্তি সংরক্ষণ করবেন ;

০৯। ইজারা গ্রহীতা জলমহালের পার্শ্বে বা ভিতরে কোন অবকাঠামো নির্মাণ করতে পারবেন না ;

১০। ইজারা গ্রহীতাকে সময়ে সময়ে জারীকৃত সরকারি আদেশ ও নির্দেশ মেনে চলতে হবে। ইজারা প্রদানকৃত জলমহালের সরকারিভাবে কোন উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হলে সেক্ষেত্রে ইজারা গ্রহীতাকে ইজারা কর্তৃপক্ষের সিদ্ধান্ত মেনে চলতে হবে ;

CamScanner

১১। ইজারা প্রদানকারী কর্তৃপক্ষ জনস্বার্থে ৩০ (ত্রিশ) দিনের নোটিশ প্রদান করে ইজারা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন ;

১২। ইজারা গ্রহীতা উর্দ্ধতন সরকারি কর্মকর্তা ও খাস কালেকশন কমিটির সদস্য ও ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তাকে যে কোন সময়ে জলমহাল পরিদর্শনের সুযোগ দিতে ও পরিদর্শন কাজে সহায়তা করতে বাধ্য থাকবেন ;

১৩। বছরের যেকোন সময়ে ইজারা প্রদান হোক না কেন উক্ত ইজারা ০১ বৈশাখ ১৪৩৩ হতে কার্যকরি বলে গণ্য হবে ;

১৪। দরপত্রে উদ্বৃত্তমূল্য অংকে ও কথায় উল্লেখ করতে হবে। কোন প্রকার কাটাকাটি, ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা ;

১৫। সর্বোচ্চ মূল্যদাতা একাধিক হলে লটারীর মাধ্যমে সর্বোচ্চ মূল্যদাতা নির্বাচন করা হবে ;

১৬। যে কোন দরপত্র গ্রহণ বা বাতিল বা অন্য কোনরূপ সিদ্ধান্ত গ্রহণ করার ক্ষমতা কমিটি সংরক্ষণ করে।

২৩/০৭/২৬

মোছাঃ মলিহা খানম
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া

স্মারক নং-০৫.৫০.১০৫৪.০০০.০৯.০০২.২৬.৮৫১

তারিখ ঃ ০৮ শ্রাবণ ১৪৩৩ / ২৩ জুলাই ২০২৬

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

০১। জেলা প্রশাসক, বগুড়া

০২। অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), বগুড়া

০৩। প্রশাসক, উপজেলা পরিষদ, কাহালু, বগুড়া

০৪। সহকারী কমিশনার (ভূমি), কাহালু, বগুড়া

০৫। প্রশাসক, কাহালু পৌরসভা, বগুড়া

**সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ**

০৬। প্রশাসক/চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান........................................ইউপি (সকল), কাহালু, বগুড়া (বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে এবং নোটিশ বোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৭। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা (সকল) ............................................... ইউপি, কাহালু, বগুড়া (বিজ্ঞপ্তিটি তার এলাকার হাট-বাজারে ঢোল-শহরতের মাধ্যমে এবং অফিসের নোটিশ বোর্ডে ঝুলাইয়া বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।

০৮। নোটিশ বোর্ড, সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, কাহালু, বগুড়া।

২৩/০৭/২৬

মোছাঃ মলিহা খানম
উপজেলা নির্বাহী অফিসার
কাহালু, বগুড়া

CamScanner